

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৯১১

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - সফরের নিয়ম-শৃঙ্খলা

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا كَانَ ثَلَاثَةُ فِي سَفَرٍ فَلْيُؤْمِرُوا أَحَدَهُمْ». رَوَاهُ أَبُو دَاؤِدُ

বাংলা

৩৯১১-[২০] আবু সাউদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তিনজন লোক যখন সফরে বের হবে, তখন তারা যেন একজনকে আমীর (নেতা) নির্বাচন করে নেয়। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবু দাউদ ২৬০৯, সহীহ আল জামি' ৭৬৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَلْيُؤْمِرُوا أَحَدُهُمْ) তাদের একজনকে আমীর বানিয়ে নিবে, অর্থাৎ- যখন জামা‘আতবদ্বত্বাবে সফর করবে (যার নিম্নসংখ্যা তিনজন) তাদের মধ্যে যে ব্যক্তি উত্তম তাকে আমীর নিযুক্ত করবে।

শারহেস সুন্নাহ'তে উল্লেখ করা হয়েছে এ নির্দেশ দেয়ার কারণ এই যে, যাতে তারা সম্মিলিতভাবে কাজ করতে পারে এবং তাদের মধ্যে কোনো ধরনের মতভেদ সৃষ্টি না হতে পারে। (মিরকাতুল মাফাতীহ)

ইমাম খত্তাবী বলেনঃ অত্র হাদীসে এ প্রমাণ পাওয়া যায় যে, যদি দু'জন ব্যক্তি তৃতীয় কোনো এক ব্যক্তিকে তাদের দু'জনের মধ্যে কোনো বিষয়ে ফায়সালা করার জন্য শালিস নিযুক্ত করে এবং ঐ তৃতীয় ব্যক্তি ন্যায়সংস্থতভাবে ফায়সালা করে তাহলে তার ফায়সালা কার্যকারী করা যাবে। ('আওনুল মাবুদ ৫ম খন্ড, হাঃ ২৬০৬)

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু সাইদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69238>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন